



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



## ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠিত



২৩ জুন ২০২৪ খ্রি.-রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মধ্যে ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের খণ্ডকালীন সদস্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি এর উপস্থিতিতে তাঁর পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো: আইনুল ইসলাম।

পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের সাথে ইউজিসি'র এপিএ স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন মাননীয় শিক্ষামন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, এমপি।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীরের সভাপতিত্বে অনুষ্ঠানে কমিশনের সদস্য অধ্যাপক ড. মো. সাজ্জাদ হোসেন, অধ্যাপক ড. বিশ্বজিৎ চন্দ, অধ্যাপক ড. হাসিনা খান, অধ্যাপক ড. মো. জাকির হোসেন, সচিব ড. ফেরদৌস জামান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।